গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হোমনা, কুমিল্লা।

**অনলাইন (জুম অ্যাপ) এর মাধ্যমে অনুষ্ঠিত উপজেলা মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরনী:**

বিবেচ্য মাস ঃ জুলাই-২০২১ খ্রিঃ
সভার তারিখ ঃ ২৯.০৭.২০২১ খ্রি.
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
সভাপতি ঃ জনাব রেহানা বেগম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
সভার স্থান ঃ স্ব স্ব অবস্থান।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট-ক তে স্বাক্ষরের ক্রমানুসারে উল্লিখিত।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা-কে সভা পরিচালনা করার জন্য আহ্বান জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যক্রম শুরু করেন। এরপর তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোনরকম সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরনীটি দৃঢ়ীকরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, হোমনা, কুমিল্লা সদস্যগণকে পর্যায়ক্রমে আলোচনায় অংশগ্রণের জন্য আহ্বান জানান।

| ক্রমিক নং ও দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | **আলোচ্যসূচী-ক ঃ** উপজেলা প্রকৌশলী, হোমনা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর(এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের (রাজস্ব স্থানান্তরিত) এর আওতায় প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রকল্প তালিকা প্রস্তুত করে রাখার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। যাতে করে বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে দ্রুত সময়ে বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করা যায়। | (ক) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা উন্নয়ন তহবিলের (রাজস্ব স্থানান্তরিত) এর আওতায় প্রকল্প তালিকা প্রস্তুত করে রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | **আলোচ্যসূচী-খ ঃ** উপজেলা প্রকৌশলী, হোমনা সভায় জানান যে, সাম্প্রতিক চুরির ঘটনা বেড়ে যাওয়ায় প্রশাসনিক ভবন-১ এর নীচতলার উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের নিরাপত্তার স্বার্থে লাইটিং ব্যবস্থা করণ ও দরজা-জানালার কিছু ক্ষুদ্র মেরামত আবিশ্যিকভাবে জরুরী হওয়ায়, উক্ত কাজের জন্য ২০,০০০/- (২০২১-২০২২) অর্থ বছরে রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য তিনি সভায় উপস্থাপন করেন। | (খ) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর বর্ণিত প্রশাসনিক ভবন-১ এর নীচতলার উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের লাইটিং ব্যবস্থা করণ ও দরজা-জানালার ক্ষুদ্র মেরামত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ২০,০০০/- বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | **আলোচ্যসূচী-গ ঃ** উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পরিষদ, হোমনা গত ১৪/০৭/২০২১ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত ০৩ (তিন)টি সংশোধিত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদন করে। অত্র প্রকল্পগুলো অনুমোদনের জন্য সভায় আলোচনা করা হয়। | (গ) সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনার পর বাছাইকৃত প্রাক্কলিত ০৩ (তিন) টি উপ-প্রকল্প অনুমোদন দেয়া হলো এবং ইউজিডিপি'র প্রিএমইউ কর্তৃক সম্মতি লাভের জন্য প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো। | |

প্রকল্পসমূহ নিম্নরুপ:

| ক্র. নং | | উপ- প্রকল্পের নাম | বাজেটের পরিমাণ (ভ্যাট ও আইটি ব্যতিত) | ভ্যাট | আইটি | বাজেটের পরিমাণ লক্ষ টাকা(ভ্যাট ও আইটিসহ) |
|---|---|---|---|---|---|---|
| ১ | INF-2019-20-201954-01 | কোভিড-১৯ মোকাবেলার লক্ষ্যে হোমনা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে-এ ১৫ শয্যাবিশিষ্ট কেন্দ্রীয় অক্সিজেন সরবরাহ লাইন নির্মাণ। | ১২,৬৫২৭৬ | ১০৬০২৯ | ৪২৪১২ | ১৪,১৩৭১৭ |
| ২ | INF-2019-20-201954-02 | হোমনা উপজেলার জয়পুর ইউনিয়নের শ্রীপুর বাজার এবং ঘাগুটিয়া ইউনিয়নের দড়িচর বাজারে পাবলিক টয়লেট নির্মাণ। | ১৭,৬১০৯০ | ১৪,৭৫৭৭ | ৫৯,০৩১ | ১৯,৬৭৬৯৮ |
| ৩ | INF-2019-20-201954-03 | হোমনা উপজেলার চান্দেরচর ইউনিয়নের রামনগর কমিউনিটি ক্লিনিক এবং দুলালপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্র মেরামত | ১৯,৭৩১৪৭ | ১৬,৫৩৪৭ | ৬৬,১৩৯ | ২২,০৪৬৩৩ |
| (সর্বমোটঃ পঞ্চান্ন লক্ষ ছিয়াশি হাজার আটচল্লিশ টাকা মাত্র) = | | | ৪৯,৯৯৫১৩/- | ৪১,৮৯৫৩/- | ১৬,৭৫৮২/- | ৫৫,৮৬০৪৮/- |

<table>
<tr><td>২। ত্রাণ ও পুনর্বাসন বিভাগ</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, করোনাকালীন সময়ে ত্রাণ বিতরণের কার্যক্রম সঠিকভাবে চলছে। ত্রাণ বিতরেণের পর সকলকে মাষ্টাররোল জমা করার অনুরোধ করেন। এছাড়া তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা [illegible] বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৩। স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, করোনা মহামারী থেকে বাঁচতে সকলকে সচেতনতা বৃদ্ধি ও সকলে মাস্ক পরিধান করার অনুরোধ জানান। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা</td></tr>
<tr><td>৪। কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তাঁর কৃষি বিভাগের বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার</td></tr>
<tr><td>৫। প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের আওতায় নিম্নোক্ত কাজ সমূহ সম্পাদন হয়েছে:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কাজের নাম</th><th>কর্মকান্ড</th></tr>
<tr><td>০১</td><td>গবাদিপশু টিকা প্রদান করা হয়েছে</td><td>১৯৬০ মাত্রা</td></tr>
<tr><td>০২</td><td>হাঁস- মুরগীর টিকা প্রদান করা হয়েছে</td><td>৩০০০ মাত্রা</td></tr>
<tr><td>০৩</td><td>গবাদিপশু চিকিৎসা প্রদান করা হয়েছে</td><td>১৪১১ টি</td></tr>
<tr><td>০৪</td><td>হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে</td><td>১০৯১৩ টি</td></tr>
<tr><td>০৫</td><td>কৃত্রিম প্রজনন করা হয়েছে</td><td>৫১০ টি</td></tr>
<tr><td>০৬</td><td>শংকর জাতের বাছুর জন্মের সংখ্যা</td><td>২৮৪ টি</td></tr>
<tr><td>০৭</td><td>উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ</td><td>১.৫০ একর</td></tr>
<tr><td>০৮</td><td>একদিনের মুরগির বাচ্চা বিতরণ (বেসরকারিভাবে)</td><td>১,২০,০০০/- টি</td></tr>
<tr><td>০৯</td><td>খামারী/ কৃষকদের নিয়ে উঠান বৈঠক</td><td>২৯ টি</td></tr>
<tr><td>১০</td><td>কৃত্রিম প্রজনন দ্বারা রাজস্ব আয় করা হয়েছে</td><td>২২৩২০/-</td></tr>
<tr><td>১১</td><td>গবাদিপশু হাঁস- মুরগীর টিকা দ্বারা রাজস্ব আয় করা হয়েছে</td><td>২০১৪৫/-</td></tr>
<tr><td>১২</td><td>ডেইরী খামার রেজিস্ট্রেশন ফি</td><td>৪০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>৬. উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য অফিসার জানান, এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>৭. শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার জানান, গুগল মিট এর মাধ্যমে শিক্ষার্থীদের অনলাইন ক্লাস চালু আছে। শিক্ষকগণ বাড়িতে বাড়িতে পৌছে শিক্ষার্থীদের পড়াশোনার বিষয়ে খোজ খবর নিচ্ছেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। কাজের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, শিক্ষার্থীদের অনলাইন ক্লাস চালু রয়েছে এবং শিক্ষার্থীরা সঠিক সময়ে এসাইনমেন্ট জমা দিচ্ছে। এছাড়া অত্র কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>৯. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান,<br>(লক্ষ টাকায়)
<table>
<tr><th colspan="2">সমিতি গঠন</th><th colspan="2">সঞ্চয় আদায়</th><th colspan="2">শেয়ার আদায়</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th rowspan="2">মাস শেষে মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ</th></tr>
<tr><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>হার</th><th>লক্ষ্য মাত্রা</th><th>অর্জন</th><th>হার</th></tr>
<tr><td>০২</td><td>-</td><td>৫.০০</td><td>.৫০</td><td>০.৬০</td><td>০.১০</td><td>২০০.০০</td><td>২১.১৫</td><td>১০০%</td><td>১৬২.৫৮</td><td>১৮.৩৮</td><td>১১%</td><td>১৩৯.৩৪</td></tr>
</table>
পিআরডিপি-৩(আসাদপুর ও দুলালপুর ইউনিয়নে বাস্তবায়নকৃত :
<table>
<tr><th colspan="2">ভিডিসি গঠন</th><th colspan="2">ইউসিসিএম</th><th colspan="2">ভিডিসিএম</th><th colspan="2">প্রশিক্ষণ</th><th colspan="2">ভিডিসি স্কীম</th></tr>
<tr><td>০২</td><td>০</td><td>২৪</td><td>০২</td><td>২১৬</td><td>১০</td><td>০২</td><td>-</td><td>০২</td><td>-</td></tr>
</table>
অন্যান্য দাপ্তরিক কার্যক্রম ঠিকমত চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১০. পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মার্চ-২০২১ মাসে তার দপ্তরের নিম্নোক্ত অগ্রগতি উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রম</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মোট সক্ষম দম্পতির সংখ্যা</td><td>৪১৩৬১ জন</td></tr>
<tr><td>০২</td><td>খাবার বড়ি বিতরণ</td><td>১৩৪৪১টি</td></tr>
<tr><td>০৩</td><td>কনডম</td><td>৩৩৮৯টি</td></tr>
<tr><td>০৪</td><td>ইনজেকটেবল(ভায়েল)</td><td>৮০৩৪টি</td></tr>
<tr><td>০৫</td><td>আই.ইউ.ডি</td><td>১৯০৮টি</td></tr>
<tr><td>০৬</td><td>ইমপ্লান্ট</td><td>৮৬৮টি</td></tr>
<tr><td>০৭</td><td>স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ</td><td>০১ জন</td></tr>
<tr><td>০৮</td><td>মহিলা</td><td>২৫ জন</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১১.উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১২. উপজেলা নির্বাচন অফিসার</td><td>উপজেলা নির্বাচন অফিসার জানান, দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাচন অফিসার</td></tr>
<tr><td>১৩. উপজেলা সমাজসেবা অফিসার</td><td>উপজেলা সমাজসেবা অফিসার জানান,<br>০১. ২০২০-২০২১ অর্থ বছরের সকল মুক্তিযোদ্ধার সম্মানী ভাতা এবং ঈদুল আযহার উৎসব ভাতা মুক্তিযোদ্ধাদের স্ব-স্ব হিসাবে স্থানান্তর করা হয়েছে।<br>০২. মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাভোগীদের প্রতিস্থাপনের এবং নতুন ভাতাভোগী অন্তর্ভূক্তির জন্য আবেদন পাওয়া গিয়াছে। উপজেলা কমিটির অনুমোদন শেষে এগুলো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।<br>০৩. ২০২০-২০২১ অর্থ বছরে বয়স্ক, বিধবা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি ডিজিটাল পেমেন্ট (জি টু পি) এর মাধ্যমে ভাতাভোগীদের স্ব-স্ব মোবাইল নম্বরে নগদ হিসাবে ভাতা বিতরণ সম্পন্ন হয়েছে।<br>০৪. প্রতিবন্ধীদের পরিচয়পত্রের কাজ চলমান।<br>০৩. অত্র কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করছি।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১৪. । যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। এ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১৫। সমবায় অধিদপ্তর</td><td>উপজেলা সমবায় অফিসার জানান, এছাড়া দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td>১৬. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td><td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম সঠিকভাবে চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td></tr>
<tr><td>১৭. পল্লী বিদ্যুৎ বিভাগ</td><td>ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হোমনা জোনাল অফিস জানান, এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>ডেপুটি জেনারেল ম্যানেজার</td></tr>
<tr><td>১৮। উপজেলা খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য পরিদর্শক সভায় জানান যে, ভিজিডি খাতে চাল বিতরণ কার্যক্রম সফলভাবে চলছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td></tr>
<tr><td>১৯। আমার বাড়ী আমার খামার প্রকল্প</td><td>(ক) সভায় উপজেলা সমন্বয়কারী জনাব মো: সিরাজুল ইসলাম ভূইয়া জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের মে/২১ মাসের লক্ষ্যমাত্রা ও অর্জন নিম্নরুপ ঃ (লক্ষ টাকায়)
<table>
<tr><td colspan="3">সদস্য ভর্তি</td><td colspan="3">সঞ্চয় আদায়</td><td colspan="3">ঋণ বিতরণ</td><td colspan="3">ঋণ আদায়</td><td colspan="2">কর্মসৃজন ঋণ বিতরণ</td><td colspan="2">এসএমই ঋণ বিতরণ</td></tr>
<tr><td>লক্ষ্য মাত্রা</td><td>মাসে অর্জন</td><td>বছরে অর্জন</td><td>লক্ষ্যমাত্রা</td><td>মাসে অর্জন</td><td>বছরে অর্জন</td><td>লক্ষ্যমাত্রা</td><td>মাসে অর্জন</td><td>বছরে অর্জন</td><td>লক্ষ্যমাত্রা</td><td>মাসে অর্জন</td><td>বছরে অর্জন</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td></tr>
<tr><td>-</td><td>--</td><td>-</td><td>২২.০০</td><td>২.৫০</td><td>২.৫০</td><td>১৬৪৪৪.৮৮</td><td>৫০.০০</td><td>৫০.০০</td><td>১৬৪৪.৮৮</td><td>৫৫.০০</td><td>৫৫.০০</td><td>৫০.০০</td><td>৭.৫০</td><td>৫০.০০</td><td>২.৫০</td></tr>
</table>
দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা সমন্বয়কারী আবাআখা</td></tr>
<tr><td>২০. বন কর্মকর্তা বন বিভাগ</td><td>বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ জানান, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>ফরেস্টার সামাজিক বনবিভাগ</td></tr>
<tr><td>২২. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)</td><td>উপজেলায় ১৭টি জাতি গঠনমূলক দপ্তরের দ্বি-মাসিক স্থায়ী কমিটির সভাগুলো নিয়মিতকরণ ও ইউনিয়ন পরিষদের ইউডিসিসি সভাগুলো নিয়মিত করনের জন্য অনুরোধ জানানো হয়।</td><td>বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটি</td></tr>
</table>

**পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ সমূহের কর্মতৎপরতা মূল্যায়ন ঃ-**

| | | | |
|---|---|---|---|
| ২৩. মেয়র হোমনা পৌরসভা | জনাব এ্যাডভোকেট নজরুল ইসলাম জানান, করোনা মহামারীর কারণে উন্নয়ন কাজ ধীর গতিতে চলছে। আগামী সপ্তাহ হতে হোমনা বাজারের ০৭ ইঞ্চি আর.সিসি ঢালাইর কাজ শুরু হবে। তাঁর কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, হোমনা পৌরসভা |
| ২৪. চেয়ারম্যান মাথাভাঙ্গা ইউপি | জনাব মোঃ নাজিরুল হক ভূইয়া, সভায় জানান, এছাড়া তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান মাথাভাঙ্গা ইউনিয়ন |
| ২৫. চেয়ারম্যান | জনাব মোঃ মফিজুল ইসলাম (গনি), চেয়ারম্যান, ঘাগুটিয়া ইউপি সভায় জানান, | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ঘাগুটিয়া ইউনিয়ন |

| | | | |
|---|---|---|---|
| ঘাগুটিয়া ইউপি | তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ২৬. চেয়ারম্যান দুলালপুর ইউপি | জনাব মোঃ জসিম উদ্দিন সওদাগর, চেয়ারম্যান, দুলালপুর ইউপি সভায় জানান, ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দুলালপুর ইউনিয়ন |
| ২৭. চেয়ারম্যান চান্দেরচর ইউপি | জনাব আবুল বাশার, চেয়ারম্যান, চান্দেরচর ইউপি সভায় জানান, তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান চান্দেরচর ইউনিয়ন |
| ২৮. চেয়ারম্যান আছাদপুর ইউপি | জনাব মোঃ জালাল পাঠান, চেয়ারম্যান, আছাদপুর জানান, তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান আছাদপুর ইউনিয়ন |
| ২৯. চেয়ারম্যান নিলখী ইউপি | চেয়ারম্যান, নিলখী ইউনিয়ন পরিষদ জানান, নিলখী ইউপির রাস্তাঘাট এর অবস্থা অনেক খারাপ। পঞ্চবটি হতে মিরাশ বাজার পর্যন্ত রাস্তার বেহাল দশা। এই রাস্তাটি জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান নিলখী ইউনিয়ন |
| ৩০. চেয়ারম্যান ভাষানিয়া ইউপি | চেয়ারম্যান, ভাষানিয়া ইউনিয়ন পরিষদ জানান, তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | | চেয়ারম্যান ভাষানিয়া ইউনিয়ন |
| ৩১. চেয়ারম্যান ঘারমোড়া ইউপি | জনাব মোঃ শাহজাহান মোল্লা, চেয়ারম্যান, তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ঘারমোড়া ইউনিয়ন |
| ৩২. চেয়ারম্যান জয়পুর ইউপি | জনাব মোঃ তাইজুল ইসলাম, চেয়ারম্যান, জয়পুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জয়পুর ইউনিয়ন |

| | ক্রঃনং | বিবরণ | টাকার পরিমাণ | | |
|---|---|---|---|---|---|
| ৩৩. রাজস্ব তহবিলের ব্যয় অনুমোদন | ০১. | উপজেলা ডর্মেটরী ভবনের ক্ষুদ্র মেরামত | ১০,০০০/- | ভাউচারসমূহ অনুমোদন পূর্বক রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | ০২. | উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের জন্য ক্রোকারিজ ক্রয় | ১৫,০০০/- | | |
| | ০৩. | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ২য় তলার পশ্চিমাংশের মেরামত। | ২৫,০০০/- | | |
| | ০৪. | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির ট্যাংকি পরিষ্কার | ১৫,০০০/- | | |
| ৩৪. বিবিধ | | | | | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

উপজেলার সকল বিভাগের কর্মকর্তাগণ এবং ইউপি চেয়ারম্যানগণকে তাদের উপর অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালনের জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন।

পরিশেষে সভায় গৃহীত সকল সিদ্ধান্তের প্রতি একমত পোষণ করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(রেহানা বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হোমনা, কুমিল্লা।

তারিখঃ ২৯.০৭.২০২১খ্রি.

স্মারক নং- ০৫.২০.১৯৫৪.১০২.০০.০০১.২১- ৩৮৩(১০০)

অনুলিপি-সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন প্রেরণ করা হলোঃ-

০১. মাননীয় সংসদ সদস্য-২৫০, কুমিল্লা-২ সংসদীয় এলাকা।
০২. জেলা প্রশাসক, কুমিল্লা।
০৩. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
০৪. মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হোমনা, কুমিল্লা।
০৫. মেয়র, হোমনা পৌরসভা, কুমিল্লা।
০৬. উপজেলা ----------------------------------কর্মকর্তা, হোমনা, কুমিল্লা।
০৭. চেয়ারম্যান-----------------------------------(সকল) ইউপি, হোমনা, কুমিল্লা।
০৮. জনাব/ বেগম-----------------------------------------------
০৯. অফিস কপি।

(রুমন দে)
উপজেলা নির্বাহী অফিসার
হোমনা, কুমিল্লা।